মেহেরপুরে এমএএস ইমনের পথসভা ও গণসংযোগ

মেহেরপুর-১ (সদর-মুজিবনগর) আসনে বাংলাদেশ আওয়ামীলীগের মনোনয়ন প্রত্যাশী মেহেরপুর জেলা আওয়ামীলীগের শিক্ষা ও মানব সম্পদ বিষয়ক সম্পাদক এমএএস ইমন সরকারের উন্নয়ন তুলে ধরতে বুড়িপোতা ইউনিয়নের কয়েকটি গ্রামে সংক্ষিপ্ত পথসভা ও ব্যাপক গণসংযোগ চালিয়েছেন।

এসময় তার সাথে ছিলেন, মেহেরপুর পৌর আওয়ামীলীগের নেতা বেলাল হোসেন, ফরদি হোসেন, আমঝুপি ইউপি সদস্য ছানাউল্লাহ ছানা, বুড়িপোতা ইউপি সদস্য ওসায়েদ হোসেন, ছাত্রলীগ নেতা ইব্রাহিম হোসেনসহ অন্যান্যরা।

গতকাল শুক্রবার সন্ধ্যা থেকে রাত ১০ টা পর্যন্ত বুড়িপোতা ইউনিয়নের বুড়িপোতা, শালিকা ও গুচ্ছগ্রামে ব্যাপক গণসংযোগ চালান। এসময় নৌকার পক্ষে পথে পথে ভোট চান তিনি।

এসময় তিনি বিভিন্ন স্থানে পথসভায় সংক্ষিপ্ত আকারে বক্তব্য রাখেন। পথ সভায় এমএএস ইমন বলেন, দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনটি ইতিহাসের সবচেয়ে গুরুত্বপূর্ণ নির্বাচন। বাংলাদেশে চলমান উন্নয়নের ধারা অব্যাহত থাকবে নাকি জঙ্গিবাদদের হাতে যাবে সেটি নির্ধারণ হবে এই নির্বাচনে। এই নির্বাচন সকলের জন্য একটি পরীক্ষা। মাটি ও পতাকাকে ভালোবাসলে নৌকা মার্কায় ভোট দিয়ে শেখ হাসিনাকে পূনরায় ক্ষমতায় আনতে হবে।

ঢাবি’র সলিমুল্লাহ মুসলিম হল এসোসিয়েশনের সাংগঠনিক সম্পাদক

হলেন এমএএস ইমন

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ঐতিহ্যবাহী সলিমুল্লাহ মুসলিম হল শাখা এলামনাই এসোসিয়েশনের ৪৬ সদস্য বিশিষ্ট কার্যনির্বাহী পরিষদ গঠিত হয়েছে।

ত্রিবার্ষিক কার্যনির্বাহী পরিষদের মেয়াদ ২০২৩-২০২৫ পর্যন্ত। পরিষদের প্রধান পৃষ্টপোষক সাউথ ইষ্ট ব্যাংক লি: এর চেয়ারম্যান আলমগীর কবির।

কার্যনির্বাহী পরিষদের সভাপতি সাবেক অর্থ সচিব জাকির হোসেন খান, সাধারণ সম্পাদক নৌ পরিবহন মন্ত্রণালয়ের সচিব মো: মোস্তফা কামাল সদস্য সচিব ও সাংগঠনিক সম্পাদক নির্বাচিত হয়েছেন আনিসা গ্রুপ ও রাজধানী টিভির চেয়ারম্যান এমএএস ইমন।

কমিটির নির্বাহী সদস্যরা হলেন, সিনিয়র সহ-সভাপতি সাবেক সচিব ও রাষ্ট্রদূত সাহাব উল্লাহ, সহ-সভাপতি নির্বাচিত হয়েছেন যথাক্রমে কুঞ্জ ডেভেলপারস লি: এর প্রোপাইটার নাছির উদ্দীন মাহমুদ, সাবেক সচিব কেএম মোজাম্মেল হক মুকুল, সাবেক ছাত্র বিষয়ক উপদেষ্টা আবুল কাশেম চৌধুরী, সুপ্রিম কোর্টের অ্যাডভোকেট শাহ মোহাম্মদ আশরাফুল হক (জজ)।

যুগ্ম মহাসিচব-১, নির্বাচিত হয়েছেন, সেইফ এক্সপ্রেস এর প্রোপাইটর আরিফুজ্জামান ছইফ, যুগ্ম মহাসচিব-২ নির্বাচিত হয়েছেন, ব্যবসায়ী মো: আতাউর রহমান, কোষাধ্যক্ষ নির্বাটিত হয়েছেন, কর পরিদর্শন পরিদপ্তর এর মহাপরিচালক আহসান হাবিব (রিপন), দপ্তর সম্পাদক নির্বাচিত হয়েছেন এডিশনাল ডিআইজি (সিআইডি) এসএম আশরাফুজ্জামান, শিক্ষা ও সমাজ সেবা সম্পাদক বঙ্গবন্ধু কলেজের অধ্যক্ষ মো: জহুরুল আলম, সাহিত্য ও সাংস্কৃতিক সম্পাদক নির্বাচিত হয়েছেন ব্যবসায়ী মমতাজুল করিম রুবেল, তথ্য ও প্রচার সম্পাদক নির্বাচিত হয়েছেন উপসচিব জেলা প্রশাসক গাজীপুর আবুল ফাতে মোহাম্মাদ সফিকুল ইসলাম।

নির্বাহী সদস্যরা হলেন, ব্যাংকার কায়েস সামি, জাতীয় রাজস্ব বোর্ডের সাবেক সদস্য আবুল কাসেম, সাবেক সিনিয়র সচিব ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ মো: ইউনুসুর রহমান, প্রোপাইটার এআইএম এসোসিয়েটস, মিজানুর রহমান মেসবাহ, বিসিআইসি’র সাবেক ব্যবস্থাপনা পরিচালক শেখ রাফেজ আহমেদ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সচিব